নং-হাব/হ:প্যা:ঘো:/প্রেস ব্রিফিং/২০২৩/০২৫

তারিখ: ০২ ফেব্রুয়ারি ২০২৩ ইং

বিস্‌মিল্লাহির রাহ্‌মানির রাহীম

# বেসরকারি ব্যবস্থাপনায় হজ প্যাকেজ ২০২৩ (১৪৪৪ হিঃ) ঘোষনা উপলক্ষে সংবাদ সম্মেলন

**তারিখ ঃ ০২ ফেব্রুয়ারি ২০২৩, বৃহস্পতিবার, সকাল ১১:০০ ঘটিকা**
**সাঙ্গু ব্যাংকুইট হল, হোটেল ভিক্টরী, নয়াপল্টন, ভিআইপি রোড, ঢাকা।**

প্রিয় সাংবাদিক ভাই ও বোনেরা,

আস্‌সালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু।

আজকের এ সংবাদ সম্মেলনে উপস্থিত হওয়ার জন্য 'হাব' এর পক্ষ থেকে সকল গণমাধ্যমকে জানাই আন্তরিক অভিনন্দন ও মোবারকবাদ। **প্যাকেজ মূল্য ঘোষনাসহ হজ ব্যবস্থাপনায় গৃহীত অন্যান্য পদক্ষেপ সম্পর্কে জনসচেতনতা সৃষ্টি, বিশেষ করে বেসরকারি ব্যবস্থাপনায় গমণেচ্ছু সম্মানিত হজযাত্রীদের অবহিত করার লক্ষ্যে আজকের এ সংবাদ সম্মেলন। আপনাদের বহুল প্রচারিত গণমাধ্যমে প্রচারের উদ্দেশ্যে হাব কর্তৃক গৃহীত পদক্ষেপসমূহ আপনাদের মাধ্যমে সম্মানিত হজযাত্রী ও বাংলাদেশের সকলকে অবহিত করছি ঃ**

চাঁদ দেখা সাপেক্ষে আগামী ২৭ জুন ২০২৩ খ্রিঃ/৯ জিলহজ ১৪৪৪ হিজরি সনের পবিত্র হজ অনুষ্ঠিত হবে। এ বৎসর সর্বমোট ১,২৭,১৯৮ জন হজযাত্রী হজ্বব্রত পালন করবেন। এর মধ্যে সরকারি ব্যবস্থাপনায় ১৫ হাজার এবং বেসরকারি ব্যবস্থাপনায় ১,১২,১৯৮ (এক লক্ষ বার হাজার একশত আটানব্বই) জন হজযাত্রী হজে গমণ করবেন।

বেসরকারি ব্যবস্থাপনায় হজযাত্রীদের জন্য **১টি হজ প্যাকেজ করা হয়েছে। তাছাড়াও প্রত্যেক এজেন্সী হজযাত্রীদের চাহিদা অনুসারে বিভিন্ন প্যাকেজ করতে পারবেন।**

বেসরকারি ব্যবস্থাপনায় হজযাত্রীদের জন্য কোরবানী ব্যতিত সর্বনিম্ন প্যাকেজ মূল্য মোট ৬,৭২,৬১৮.০০ (ছয় লক্ষ বাহাত্তর হাজার ছয়শত আঠর টাকা) নির্ধারন করা হয়েছে যার বিভাজন নিম্নরূপ ঃ

## "বেসরকারি ব্যবস্থাপনার হজ প্যাকেজ"

| ক্রঃ নং | ব্যয়ের খাতসমূহ | টাকা |
|---|---|---|
| ০১. | বিমান ভাড়া (বাংলাদেশ-সৌদি আরব-বাংলাদেশ রুট - Dedicated Hajj Flight):<br>বিমান ভাড়া (সর্বসাকুল্যে) | ১,৯৭,৭৯৭.০০ |
| ০২. | **মক্কা ও মদিনার বাড়ী ভাড়া (ভ্যাটসহ) :** মক্কা ও মদিনায় হজযাত্রীর জন্য বাসস্থান এবং ১% অতিরিক্ত বাসস্থানসহ (মক্কা ৪৮০০ সৌ:রি:+মদিনা ১৪০০ সৌ:রি:+১% অতিরিক্ত ৬২ সৌ:রি:)=৬২৬২ সৌ: রি:+(১৫% ভ্যাট ৯৩৯.৩০)= ৭২০১.৩০ সৌ: রি:×২৮.৩৯ টাকা। | ২,০৪,৪৪৪.৯১ |
| ০৩. | জেদ্দা-মক্কা-মদিনা ও আল-মাশায়ের (মক্কা-মিনা-আরাফা-মুযদালিফা-মিনা-মক্কা) প্রদেয় পরিবহন ব্যয় (১৫% ভ্যাটসহ) ১২৩৮.৫৫ সৌদি রিয়াল (১২৩৮.৫৫×২৮.৩৯): | ৩৫,১৬২.৪৩ |
| ০৪. | জমজম পানি (১৫% ভ্যাটসহ) : ১৫.০০ সৌদি রিয়াল (১৫×২৮.৩৯) | ৪২৮.৮৫ |
| ০৫. | সার্ভিস চার্জ (১৫% ভ্যাটসহ): পবিত্র হজের ৫ দিন মিনা, আরাফা ও মুজদালিফায় মোয়াল্লেম কর্তৃক প্রদত্ত সেবার (তাঁবু, তাঁবুতে ম্যাট্রেস, বিছানা, চাদর, বালিশ, কম্বল সরবরাহ এয়ারকন্ডিশন এবং খাবার সরবরাহ) বিপরীতে সার্ভিস চার্জ **(মিনার তাঁবুর 'সি' ক্যাটাগরির মুল্য অনুসারে)** ৫৬৫৮.০০ সৌদি রিয়াল (৫৬৫৮.০০×২৮.৩৯) | ১,৬০,৬৩০.৬২ |
| ০৬. | মক্কা বুট সার্ভিস (লাগেজ পরিবহন) ১৫% ভ্যাটসহ (২০.৭০×২৮.৩৯) | ৫৮৭.৬৭ |
| ০৭. | দেশে প্রত্যাবর্তনকালে লাগেজ পরিবহন (১৫% ভ্যাটসহ): (মক্কা ও মদিনা থেকে এয়ারপোর্ট পর্যন্ত) ৩০.০০ সৌদি রিয়াল (৩০×২৮.৩৯) | ৮৫১.৭০ |

চলমান পাতা-২

| | | |
|---|---|---|
| ০৮. | ভিসা ফি ভ্যাটসহ: ৩৪৫ সৌদি রিয়াল (৩৪৫×২৮.৩৯) | ৯,৭৯৪.৫৫ |
| ০৯. | স্বাস্থ্য বীমা বাবদ সৌদি সরকারকে প্রদেয় ফি (১৫% ভ্যাটসহ): ৩৩.৩৫ সৌদি রিয়াল (৩৩.৩৫×২৮.৩৯) | ৯৪৬.৮১ |
| ১০. | খাওয়া খরচ: | ৩৫,০০০.০০ |
| | উপমোট | ৬,৪৫,৬৪৪.৫৪ |
| ১১. | হজ গাইড বাবদ: | ১৪,৭০৩.২৮ |
| ১২. | মোনাজ্জেম বাবদ | ৬,৪৭০.০০ |
| ১৩. | সার্ভিস চার্জ | ৪,৫০০.০০ |
| ১৪. | অন্যান্য খরচ: আইডি কার্ড, লাগেজ ট্যাগ, আইটি সার্ভিস, মক্কা রোড সার্ভিস ইত্যাদি | ৮০০.০০ |
| ১৫. | হজযাত্রীদের কল্যাণ তহবিল (আপৎকালীন ফান্ড): | ২০০.০০ |
| ১৬. | প্রশিক্ষণ ফি: | ৩০০.০০ |
| | মোট = | ৬,৭২,৬১৭.৮২ বা ৬,৭২,৬১৮.০০ |
| | **সর্বমোট কথায় ঃ ছয় লক্ষ বাহাত্তর হাজার ছয়শত আঠার টাকা।** | |

**নোট : "ঘোষিত প্যাকেজের" এর হজযাত্রীদের পবিত্র হারাম শরীফের বাহিরের চত্বরের সীমানার সর্বোচ্চ ১৫০০ মিটার দূরত্বে আবাসনের ব্যবস্থা করা হবে।**

(১) কোন এয়ারলাইন্স এ বছর Dedicated ফ্লাইট ব্যতিত সিডিউল ফ্লাইটে কোন হজযাত্রী বহন করতে পারবে না।

(২) প্যাকেজ ঘোষণার পর রাজকীয় সৌদি সরকার কর্তৃক অতিরিক্ত কোন ফি আরোপ করা হলে তা প্যাকেজ মুল্য হিসেবে গণ্য হবে এবং হজযাত্রীকে পরিশোধ করতে হবে।

(৩) আগামী ৬ ফেব্রুয়ারি ২০২৩ তারিখ থেকে বেসরকারি হজযাত্রীদের নিবন্ধন শুরু হবে।

(৪) প্রত্যেক হজযাত্রী হজ প্যাকেজের অন্তর্ভুক্ত সুযোগ সুবিধার বিষয়ে অবগত হয়ে এজেন্সির সাথে চুক্তিবদ্ধ হবেন।

(৫) **হজ প্যাকেজের অর্থ পরিশোধ:** হজযাত্রীগণ তাদের হজ প্যাকেজের সমুদয় অর্থ শুধুমাত্র সংশ্লিষ্ট হজ এজেন্সির ব্যাংক একাউন্ট অথবা সরাসরি এজেন্সিতে জমা দিয়ে মানি রশিদ সংরক্ষণ করবেন। কোনক্রমেই মধ্যস্বত্বভোগীদের নিকট কোন প্রকার লেনদেন করবেন না। বেসরকারি ব্যবস্থাপনায় প্রত্যেক হজযাত্রী হজ প্যাকেজের সমুদয় অর্থ **আগামী ১৫ মার্চ ২০২৩ তারিখের মধ্যে অবশ্যই স্ব-স্ব এজেন্সীর ব্যাংক হিসাবে জমা** করে অথবা এজেন্সির অফিসে জমা দিয়ে মানি রিসিট গ্রহণ করবেন।

(৬) **পাসপোর্ট:** হজযাত্রীদেরকে নিজ উদ্যোগে পাসপোর্ট সংগ্রহ করতে হবে। **যার মেয়াদ ২৭ ডিসেম্বর,২০২৩ পর্যন্ত থাকতে হবে।** পাসপোর্ট করার জন্য আবেদন করার সময় হজযাত্রীকে প্রাক-নিবন্ধনে ব্যবহৃত জাতীয় পরিচয়পত্র নম্বর/জন্মনিবন্ধনের নম্বর হুবহু লিপিবদ্ধ করতে হবে। সৌদি ভিসা লজমেন্টে জটিলতা দূর করার জন্য পূর্ণাঙ্গ নামে পাসপোর্ট করতে হবে। পাসপোর্টের তথ্য পাতা স্ট্যাপলার পিন দিয়ে গাঁথা যাবে না বা অন্য কোনভাবে ছিদ্র করা যাবে না।

(৭) **হজযাত্রীর বয়সসীমা:** এ বছর ৬৫ বা তদুর্ধ বয়সের হজগমণেচ্ছুগণও পবিত্র হজে গমণ করতে পারবেন।

(৮) **কোরবানী:** কোরবানী খরচ প্রত্যেক হজযাত্রীকে পৃথকভাবে নিজ দায়িত্বে সঙ্গে নিতে হবে।

(৯) **প্রশিক্ষণ:** ধর্ম বিষয়ক মন্ত্রণালয় এবং হাব এর যৌথ উদ্যোগে ২০২৩ সনের হজযাত্রীদের প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এ লক্ষ্যে ইতোমধ্যে প্রশিক্ষণ মডিউল প্রণয়ন ও প্রশিক্ষকদের প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। ঢাকা শহরের তিনটি স্থানসহ বাংলাদেশের সকল জেলা সদরে হজযাত্রীদের প্রশিক্ষণ কার্যক্রম পরিচালিত হবে। হজযাত্রীগণ অনলাইনে প্রশিক্ষণের স্থান নির্বাচন করতে পারবেন।

(১০) **হাজী হারানো প্রসঙ্গে:** হজযাত্রীগণকে সৌদি আরবে সবসময় গলায় আইডি কার্ড ঝুলিয়ে রাখার জন্য বিশেষভাবে অনুরোধ করা হল। তাছাড়া সবসময় দলবদ্ধভাবে চলাফেরা করা এবং দলছুট না হওয়ার বিষয়ে সতর্ক থাকতে হবে।

চলমান পাতা-৩

(১১) **<u>সৌদি আরবের অভ্যন্তরে যানবাহন সুবিধা</u>:** হজযাত্রীদের সৌদি আরবে পৌছার পর জেদ্দা-মক্কা-মদিনা অথবা মদিনা-মক্কা-জেদ্দা ইত্যাদি সকল যানবাহন সেবা নিশ্চিত করার দায়িত্ব সৌদি সরকারের নিয়োজিত কর্তৃপক্ষের।

(১২) **<u>মিনা, আরাফা, মুযদালিফা</u>:** হজের মূল আনুষ্ঠানিকতা অর্থাৎ মক্কা থেকে মিনা-আরাফা-মুযদালিফা-মিনা-মক্কা ইত্যাদি সকল যানবাহন নিশ্চিত করা এবং মিনা ও আরাফায় তাবু, খাবারসহ আনুসাঙ্গিক সকল সুবিধা নিশ্চিত করার দায়িত্ব সৌদি সরকার নিয়োজিত মোয়াচ্ছাসার অধিনস্থ মোয়াল্লেমদের। হজ এজেন্সিগুলো মোয়াল্লেমদের সহিত সমন্বয় করে হজযাত্রীদের এই সেবা নিশ্চিতে কাজ করবে।

(১৩) প্রতি সৌদি রিয়াল **২৮.৩৯ টাকা (আঠাশ টাকা উনচল্লিশ পয়সা)** হারে ধরা হয়েছে।

(১৪) হজ এজেন্সির একাউন্টে সমুদয় টাকা জমাদান ব্যতিত কোন হজযাত্রী মধ্যস্বত্বভোগী, দালাল কিংবা ফড়িয়াদের হাতে টাকা দিলে সে হজযাত্রী প্রতারিত হতে পারেন। হজযাত্রীগণ মধ্যস্বত্বভোগী, দালালদের সাথে হজে গমণের জন্য কোনরুপ আর্থিক লেনদেন করে প্রতারিত হলে তার জন্য সরকার কিংবা হাব অথবা হজ এজেন্সি দায়ী থাকবে না।

(১৫) হজ এজেন্সীগুলো বিভিন্ন সুযোগ সুবিধাসহ বিভিন্ন মানের ও প্যাকেজ মূল্যের স্ব স্ব প্যাকেজ ঘোষনা করতে পারবেন।

(১৬) হযরত শাহ্ জালাল আন্তর্জাতিক বিমান বন্দর থেকে হজে গমণের সময় বাংলাদেশ অংশের ইমিগ্রেশন, ঢাকা আশকোনা হজ ক্যাম্পে এবং রুট-টু-মক্কা সার্ভিসের অধীনে প্রেরিত হজযাত্রীদের সৌদি আরবের প্রি-এরাইভ্যাল ইমিগ্রেশন, ঢাকা হযরত শাহ্ জালাল আন্তর্জাতিক বিমান বন্দরে সম্পন্ন করা হবে। তাছাড়া চট্টগ্রাম ও সিলেট এয়ারপোর্ট থেকে সরাসরি গমণকারী হজযাত্রীগণের ইমিগ্রেশন চট্টগ্রাম ও সিলেট এয়ারপোর্ট থেকে সম্পন্ন করা হবে এবং সৌদি আরব পর্বের ইমিগ্রেশন সৌদি আরবে সম্পন্ন করা হবে।

(১৭) হজের সার্বিক খরচ ছাড়াও প্রত্যেক হজযাত্রী বাংলাদেশ ব্যাংকের আর্থিক বিধি অনুসরণপূর্বক প্রয়োজনীয় বৈদেশিক মুদ্রা সাথে নিয়ে যেতে পারবেন।

(১৮) প্রত্যেক হজযাত্রীর জন্য স্বাস্থ্য পরীক্ষা, মেনিনজাইটিস ও ইনফ্লুয়েঞ্জা প্রতিষেধক টিকার সনদ লাগবে।

(১৯) এয়ারলাইন্স কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী বিমানে ভ্রমনকালে কোন হজযাত্রী সংশ্লিষ্ট এয়ারলাইন্স কর্তৃক নির্ধারিত ওজনের অধিক লাগেজ/মালামাল বহন করতে পারবেন না। রেজিষ্টার্ড ডাক্তারের ব্যবস্থাপত্রবিহীন ঔষধ সঙ্গে নেয়া যাবে না। হজযাত্রী গাইড বা সংশ্লিষ্ট কোন ব্যক্তি জর্দা, গুলসহ নেশাজাতীয় দ্রব্য চাল, ডাল, শুটকী, গুড় ইত্যাদিসহ খাদ্যদ্রব্য যেমন: রান্না করা খাবার, তরি-তরকারী, ফলমূল, পান, সুপারি ইত্যাদি কোনক্রমেই সৌদি আরবে নিয়ে যাওয়া যাবে না।

(২০) হজ ব্যবস্থাপনায় তথ্য প্রযুক্তির সহায়তায় হজযাত্রীর যাবতীয় তথ্য সংরক্ষন ও সরবরাহ, নিবন্ধন, ইন্টারনেটের মাধ্যমে সংবাদ আদান-প্রদানের ব্যবস্থা করা হবে। এ বিষয়ে ওয়েবসাইট www.hajj.gov.bd হতে হজ সংক্রান্ত তথ্যাদি সংগ্রহ করা যাবে।

(২১) প্রত্যেক হজযাত্রী ৫ লিটার জম জম এর পানি পাবেন। এক্ষেত্রে, হজযাত্রী পরিবহনকারী এয়ারলাইন্সের নিয়মানুযায়ী বাংলাদেশের এয়ারপোর্টে জমজমের পানি পাওয়া যাবে। হজযাত্রীকে তার এয়ারলাইন্স হতে জমজমের পানি কিভাবে প্রদান করা হবে, তা জেনে নেয়ার পরামর্শ দেয়া হলো।

প্রিয় সাংবাদিক ভাই ও বোনেরা,

আপনারা সকলেই অবগত আছেন যে, এবছর শতভাগ হজযাত্রীদের (সিলেট ও চট্টগ্রাম বাদে) সৌদি অংশের ইমিগ্রেশন বাংলাদেশেই সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। "মক্কা রুট ইনিশিয়েটিভ" এর আওতায় হজযাত্রীদের কল্যাণে প্রি-এরাইভাল ইমিগ্রেশন বাংলাদেশেই সম্পন্ন করার জন্য Dedicated হজ ফ্লাইট হওয়া বাধ্যতামুলক। হজযাত্রী পরিবহনে Dedicated Ferry ফ্লাইটের হিসাব করেই সর্বোচ্চ মূল্যে বিমান ভাড়া নির্ধারন করা হয়েছে। কিন্তু বিগত বছরগুলোতে Dedicated Ferry ফ্লাইটের ভাড়া নিলেও এয়ারলাইন্সগুলো শিডিউল ফ্লাইটেও হজযাত্রী পরিবহন করেছে। কিন্তু এ বছর হজযাত্রীদের প্রি-এরাইভাল ইমিগ্রেশন ঢাকায় সম্পন্ন করতে হলে অবশ্যই সকল হজ ফ্লাইট Dedicated হতে হবে। প্রি-এরাইভাল ইমিগ্রেশনের জন্য Dedicated হজ ফ্লাইট থাকা বাধ্যতামুলক। তাই আপনাদের মাধ্যমে আবারো হাব এর পক্ষ থেকে জোরালো দাবী জানাচ্ছি যেহেতু Dedicated Ferry ফ্লাইটের ভাড়া পরিশোধ করা হচ্ছে,, তাই হজযাত্রীদের সৌদি আরবের ইমিগ্রেশন ঢাকায় নিশ্চিত করার জন্য সকল হজ ফ্লাইট Dedicated হতে হবে। কোনভাবেই কোন শিডিউল ফ্লাইটে হজযাত্রী পরিবহন করা যাবে না।

চলমান পাতা-৪

مؤسسة وكالات الحج البنغلاديشية
হজ্জ এজেন্সীজ এসোসিয়েশন অব বাংলাদেশ
HAJJ AGENCIES ASSOCIATION OF BANGLADESH



প্রিয় সাংবাদিক ভাই ও বোনেরা,

আপনারা অবহিত রয়েছেন যে, বাংলাদেশের হজ ব্যবস্থাপনায় আমুল পরিবর্তন এসেছে। জননেত্রী রাষ্ট্রনায়ক মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা হজ ব্যবস্থাপনার প্রতিটি বিষয় নিজে প্রত্যক্ষ করেন। মাননীয় প্রধানমন্ত্রী রাষ্ট্রনায়ক শেখ হাসিনার দক্ষ, বলিষ্ঠ ও সময়োচিত সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে হজ ব্যবস্থাপনা অত্যন্ত সুচারু ও সুষ্ঠুভাবে সম্পন্ন হয়ে আসছে। হজ ব্যবস্থাপনায় শৃঙ্খলা ফিরিয়ে আনতে হাব নিরলস ও সততার সাথে কাজ করে যাচ্ছে। এ বিষয়ে আপনাদের সার্বিক সহযোগিতা অনস্বীকার্য। বাংলাদেশ হজ ব্যবস্থাপনায় ঈর্ষণীয় সাফল্য অর্জন করতে সক্ষম হয়েছে। সৌদি আরবের ইমিগ্রেশন বাংলাদেশে সম্পন্ন হওয়ার কারণে হজযাত্রীদের অনেক কষ্ট লাঘব হয়েছে। সাবেক ধর্ম প্রতিমন্ত্রী মরহুম আলহাজ্ব এডভোকেট শেখ মোঃ আব্দুল্লাহ'র রুহের মাগফেরাত কামনা করছি। বাংলাদেশের হজযাত্রীদের কল্যাণে তার অবদান চিরস্মরণীয় হয়ে থাকবে। বিশেষভাবে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাই ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব মোঃ ফরিদুল হক খান এম.পি, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সচিব জনাব কাজী এনামুল হাসান এনডিসি সহ ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট উর্দ্ধতন কর্মকর্তাবৃন্দের নিকট। আমরা আরো কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানাই বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব মোঃ মাহবুব আলী, মন্ত্রণালয়ের সচিব জনাব মোঃ মোকাম্মেল হোসেন, বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের চেয়ারম্যান এয়ার ভাইস মার্শাল মোঃ মফিদুর রহমান, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব জনাব মোঃ মতিউল ইসলাম, উপসচিব জনাব মোহাম্মদ মাহবুব আলম, উপসচিব জনাব আবুল কাশেম মুহাম্মদ শাহীন, মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব জনাব মোঃ সাদিকুর রহমান খান, সচিবের একান্ত সচিব জনাব মোঃ যুবায়ের সিনিয়র সহকারী সচিব জনাব এস.এম. মনিরুজ্জামান, সিনিয়র জনসংযোগ কর্মকর্তা জনাব মোহাম্মদ আনোয়ার হোসাইনসহ সংশ্লিষ্ট কর্মকর্তাদের যারা হাব এর প্রতিটি কার্যক্রমে সহযোগিতার হাত প্রসারিত করেছেন। মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের কর্মকর্তাগণ, পররাষ্ট্র মন্ত্রণালয়, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, স্বাস্থ্য মন্ত্রণালয়, পাসপোর্ট অধিদপ্তরসহ সংশ্লিষ্ট সকলের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করছি।

সউদি আরবে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত ডঃ জাবেদ পাটোয়ারী, মক্কাস্থ কাউন্সেলর হজ জনাব মোঃ জহিরুল ইসলাম এবং জেদ্দাস্থ কনসাল জেনারেল সহ পবিত্র মক্কা-মদিনায় হজ কার্যক্রমে নিযুক্ত সংশ্লিষ্ট সকল কর্মকর্তাবৃন্দকে আন্তরিকভাবে ধন্যবাদ জানাচ্ছি। বিশেষ কৃতজ্ঞতা ঢাকা হযরত শাহ্ জালাল আন্তর্জাতিক বিমান বন্দর এর নির্বাহী পরিচালক গ্রুপ ক্যাপ্টেন কামরুল ইসলাম এর প্রতি।

হজযাত্রীদের অকৃতিম সেবা ও সহযোগিতা প্রদানের জন্য রাজকীয় সৌদি দূতাবাসের মান্যবর রাষ্ট্রদূত ইসা ইউসুফ ইসা আলদুহাইলান এবং দূতাবাসের সকল কর্মকর্তা ও কর্মচারীদের আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাচ্ছি। আমরা আশাকরি ২০২৩ সালের হজেও সৌদি দূতাবাসের সহযোগিতা অব্যাহত থাকবে।

হজ্জ এজেন্সীজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব) এর বর্তমান কার্যনির্বাহী কমিটিকে সার্বিক সহযোগিতা করার জন্য সকল সম্মানিত হাব সদস্যকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করছি।

সম্মানিত সাংবাদিক ভাই ও বোনেরা,

প্রিন্ট, ইলেক্ট্রনিক ও অন্যান্য সংবাদ মাধ্যমের আন্তরিক সহযোগিতায় হজ কার্যক্রম ক্রমান্বয়ে সুশৃঙ্খল ও সফলতার দিকে ধাবিত হচ্ছে। আপনাদের সার্বিক সহযোগিতায় ২০২২ সালের হজ অতীতের যেকোন বছর থেকে সফলভাবে সম্পন্ন করা সম্ভব হয়েছে। আমরা আশাকরি ২০২৩ সালের হজেও আপনাদের এ সহযোগিতা অব্যাহত থাকবে। সংবাদ মাধ্যমের নিরবিচ্ছিন্ন সহযোগিতার জন্য হাব পরিবারের পক্ষ থেকে কৃতজ্ঞতা ও ধন্যবাদ জ্ঞাপন করছি।

আমরা আশা করি সুশৃঙ্খল ও সুষ্ঠু হজ ব্যবস্থাপনার স্বার্থে আপনাদের আন্তরিক সহযোগিতা ভবিষ্যতেও অব্যাহত থাকবে।

আল্লাহ্ আমাদের সকলের সহায় হউন।

আল্লাহ্ হাফেজ ॥

ফারুক আহমদ সরদার
মহাসচিব

এম.শাহাদাত হোসাইন তসলিম
সভাপতি

সাত্তারা সেন্টার, ১৬তম তলা, ৩০/এ, নয়াপল্টন, ভিআইপি রোড, ঢাকা-১০০০
Sattara Centre, 15th Floor, 30/A, Nayapaltan, VIP Road, Dhaka-1000
Tel: 58317030, 222228867, 222220868, E-mail: haab01bd@gmail.com, Website: www.haabbd.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়
বিমান অধিশাখা
www.mocat.gov.bd

স্মারক নম্বর: ৩০.০০.০০০০.০১৭.৩৭.০০১.২২.১৭

তারিখ: ১২ মাঘ ১৪২৯
২৬ জানুয়ারি ২০২৩

বিষয়: **২০২৩খ্রিঃ/১৪৪৪হিজরি সালের হজ্জযাত্রীদের জন্য বাংলাদেশ-জেদ্দা/মদিনা-বাংলাদেশ রুটের বিমান ভাড়া নির্ধারণ সংক্রান্ত।**

সূত্র: বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড এর স্মারক নং-৩০.৩৪.০০০০.০৯৬.০০.০০১.২৩, তারিখ: ২৩/০১/২০২২।

পবিত্র হজ ১৪৪৪ হিজরি সুষ্ঠু ও সফলভাবে ব্যবস্থাপনার অংশ হিসেবে হজযাত্রীদের যাতায়াত ও এ মন্ত্রণালয়ের আওতাধীন অন্যান্য সংশ্লিষ্ট বিষয়ে পর্যালোচনাপূর্বক সিদ্ধান্ত গ্রহণের লক্ষ্যে গত ১৮ জানুয়ারি ২০২৩ তারিখে বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় প্রতিমন্ত্রীর সভাপতিত্বে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার ১নং সিদ্ধান্ত মোতাবেক বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড হতে প্রাপ্ত হজযাত্রীদের বিমান ভাড়া কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয়েছে।

০২। এমতাবস্থায়, ২০২৩খ্রিঃ/১৪৪৪হিজরি সালের হজযাত্রীদের জন্য বাংলাদেশ-জেদ্দা/মদিনা-বাংলাদেশ রুটের বিমান ভাড়া নির্ধারণ সংক্রান্ত বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড এর সূত্রোক্ত পত্রটি নির্দেশক্রমে এসাথে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

২৬-১-২০২৩
মোহাম্মদ আব্দুল আউয়াল
উপ-সচিব
ফোন: ০২-৯৫১৪৩৫৩
ফ্যাক্স: ০২-৯৫১৫৪৯৯
ইমেইল: dsbiman@mocat.gov.bd

সচিব
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

স্মারক নম্বর: ৩০.০০.০০০০.০১৭.৩৭.০০১.২২.১৭/১(২)

তারিখ: ১২ মাঘ ১৪২৯
২৬ জানুয়ারি ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়
২) সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সচিবের দপ্তর, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়

২৬-১-২০২৩
মোহাম্মদ আব্দুল আউয়াল

বিমান বাংলাদেশ এয়ারলাইনস্ লি: Biman BANGLADESH AIRLINES LTD.
H. S. INTERNATIONAL AIRPORT, KURMITOLA, DHAKA-1229, BANGLADESH, PHONES: 8901500-19, 8901640-54, www.biman-airlines.com

সূত্রঃ ৩০.৩৪.০০০০.০৯৬.০০.০০১.২৩

তারিখঃ ২৩-০১-২০২৩ খ্রি.

বিষয়ঃ ২০২৩ খ্রিঃ/ ১৪৪৪ হিজরি সালের হজ্বযাত্রীদের জন্য বাংলাদেশ-জেদ্দা/মদিনা-বাংলাদেশ রুটের বিমান ভাড়া নির্ধারন।

উপর্যুক্ত বিষয়ে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে,গত ২০২২ সালে বিমান কর্তৃক হজ্ব ভাড়া প্রস্তাব করা হয়েছিল সর্বমোট ১,৬৫০০০/-টাকা যা পরবর্তিতে ১,৪০০০০/-টাকা নির্ধারণ করা হয়েছিল তন্মধ্যে মূল ভাড়া ছিলো ১,২৮৩৩১ টাকা বা ১৫০৮ মার্কিন ডলার,ট্যাক্স ৯,৫৪২ টাকা এবং এজেন্ট কমিশন ২,১২৭ টাকা (সর্বমোট এক লক্ষ চল্লিশ হাজার টাকা মাত্র)।

২০২২ সালের হজ্ব কালীন সময় হতে বর্তমান সময় পর্যন্ত টাকার বিপরীতে মার্কিন ডলারের বিনিময় হার বৃদ্ধি পেয়েছে ২১.৪২% এবং জেট ফুয়েলের মূল্য বৃদ্ধি পেয়েছে ১৯%।

২০২৩ সালে মার্কিন ডলারের বর্ধিত বিনিময় হার ,জেট ফুয়েলের মূল্য বৃদ্ধি এবং উভয়দেশের সরকার নির্ধারিত ট্যাক্স বৃদ্ধি বিবেচনায় নিয়ে ২০২৩ সালের হজ্বযাত্রীদের জন্য বাংলাদেশ-জেদ্দা/মদিনা-বাংলাদেশ রুটের বিমান ভাড়া সদয় বিবেচনার জন্য নিম্নে উপস্থাপন করা হলোঃ

| সেক্টর | মূল ভাড়া (মার্কিন ডলার) | সম্ভাব্য বিনিময় হার (মে'২০২৩) | মূল ভাড়া (টাকা) | এজেন্ট কমিশন (টাকা) | ট্যাক্স (টাকা) | মোট প্রস্তাবিত ভাড়া |
|---|---|---|---|---|---|---|
| বাংলাদেশ – জেদ্দা/মদিনা- বাংলাদেশ | ১৭৮৫.০০ | ১১০.০০ | ১৯৬,৩৫০.০০ | ২,৭৫০.০০ | ১১,২৩৭.০০ | ২১০,৩৩৭.০০ |

প্রস্তাবিত সর্বমোট বিমান ভাড়াঃ দুই লক্ষ দশ হাজার তিন শত সাইত্রিশ টাকা মাত্র।

প্রস্তাবিত বিমান ভাড়ার স্বপক্ষে বিস্তারিত ব্যাখ্যা সংযুক্তি আকারে প্রদান করা হলো।

২৩.০১.২৩
শফিউল আজিম
ব্যবস্থাপনা পরিচালক ও সিইও
ইমেইলঃ mdbiman@bdbiman.com

সচিব
বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপিঃ সদয় অবগতির জন্য

সচিব
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।